# কুমিল্লা সিটি কর্পোরেশন

নগর ভবন, কুমিল্লা

(cocc.portal.gov.bd)

## কুমিল্লা সিটি কর্পোরেশনের ৯০তম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : আরফানুল হক রিফাত<br>মেয়র<br>কুমিল্লা সিটি কর্পোরেশন |
| তারিখ | : ৩০/১০/২০২৩খ্রি. |
| সময় | : সকাল ১১.০০ঘটিকা |
| স্থান | : সিটি কর্পোরেশনের অতীন্দ্র মোহন রায় সম্মেলন কক্ষ |

উপস্থিত সদস্যদের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি উপস্থিত সংরক্ষিত আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সাধারণ আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম পরিচালনা করেন।

### শোকপ্রস্তাব

**(i)** সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৯) জনাব জমীর উদ্দিন খান জম্পি জানান, কুমিল্লা কাপ্তানবাজার নিবাসী ০৪নং ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি বিশিষ্ট সমাজসেবক মো: বেলাল হোসেন ২৮ অক্টোবর ২০২৩ তারিখ ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে.................রাজিউন)। তিনি মরহুমের কর্মময় জীবনের স্মৃতিচারণ করে সভায় একটি শোকপ্রস্তাব উত্থাপন করেন। শোকপ্রস্তাবটি সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয়। তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে সভায় মরহুমের রুহের মাগফেরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের সকল সদস্যের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়।

**(ii)** সভাপতির অনুমতিক্রমে প্রধান প্রকৌশলী জনাব গৌতম প্রসাদ চৌধুরী জানান, কুমিল্লা সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগের কর্মী **মিলন দাস** ৩০ অক্টোবর ২০২৩ তারিখ ইহলোক ত্যাগ করেন। তিনি জানান, মৃত মিলন দাস একজন ন্যায়-নিষ্ঠ ও নিবেদিতপ্রাণ কর্মী ছিলেন। তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে সভায় একটি শোকপ্রস্তাব গৃহীত হয় এবং মরহুমের আত্মার সদগতি কামনা করে শোকসন্তপ্ত পরিবারের সকল সদস্যের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়।

সিদ্ধান্ত: শোকপ্রস্তাব দু'টি মৃত ব্যক্তির পরিবারবর্গের নিকট পৌঁছে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বাস্তবায়ন: সচিব

০২। <u>আলোচনা ও সিদ্ধান্তসমূহ:</u>

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | <u>পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</u>: প্রধান নির্বাহী কর্মকর্তা গত ১২/০৯/২০২৩খ্রি. তারিখ সভার কার্যবিবরণী বিস্তারিত পাঠ করে শুনান এবং কারো কোনো আপত্তি/সংশোধনী আছে কিনা জানতে চান। সভার কার্যবিবরণী পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সভায় উপস্থাপন করা হয়।<br><u>সংযোজনী</u>:<br>১২/০৯/২০২৩খ্রি. তারিখ সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ ৭ এর বিবিধ(খ)। কুমিল্লা শহরে পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা) গঠনকল্পে কুমিল্লা সিটি কর্পোরেশনের বিদ্যমান এলাকা এবং মাস্টারপ্লানে প্রস্তাবিত সম্প্রসারিত এলাকাসহ এর সাথে **'আমড়াতলী ইউনিয়ন'** শব্দগুলো সংযোজিত হবে। | ১২/০৯/২০২৩খ্রি. তারিখ সভার কার্যবিবরণীর ওপর কারো কোনো আপত্তি না থাকায় বর্ণিত সংযোজনীসহ উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হলো। | বিভাগ ও শাখা প্রধান(সকল) |
| ০২. | <u>বিগত সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা</u>: প্রধান নির্বাহী কর্মকর্তা ১২/০৯/২০২৩খ্রি. তারিখ সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।<br>(ক) সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৮) জনাব মোহাম্মদ শওকত আকবর কার্যবিবরণীর অনুচ্ছেদে ৭:বিবিধ(গ) **(ii)** কুমিল্লা হাউজিং এস্টেট ৪নং সেকশনের বারপাড়া মৌজাভুক্ত ভূমিতে নকশা অনুমোদন বিষয়ে উদ্ভূত জটিলতা নিরসনে গঠিত কমিটির মতামত সম্পর্কে সভায় জানতে চান। এ প্রেক্ষিতে কমিটির আহ্বায়ক সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৯) জনাব | ০১। সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন কার্যক্রমের জন্য সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং যে সকল সিদ্ধান্ত এখনও বাস্তবায়নাধীন ও প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা<br>বিভাগ ও শাখা প্রধান(সকল) |

<table>
<tr>
<td></td>
<td>জমীর উদ্দিন খান জম্পি জানান, কমিটির সদস্যগণ এক সভায় মিলিত হয়ে প্রাথমিক পর্যালোচনা করা হয়েছে। সুনির্দিষ্ট মতামতের জন্য এ সংক্রান্ত তথ্য-উপাত্ত প্রয়োজন। এ নিয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা কাজ করছেন- মর্মে সভায় অবহিত করেন।<br><br>(খ) কার্যবিবরণীর অনুচ্ছেদ ৭:বিবিধ(গ)(৩)- সিটি কর্পোরেশন এলাকায় ইমারত/ভবনের নকশা অনুমোদনে কমিটির সভা আহ্বান বিষয়ে এক প্রশ্নের প্রেক্ষিতে প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণিত ইমারতের নকশা অনুমোদন সংক্রান্ত বিদ্যমান কমিটিকে আরও কার্যকর করার জন্য কমিটি পুনর্বিন্যাসের ভাবনা চলছে। এদিকে যে সকল নকশার আবেদন দাখিল হয়েছে, সেগুলো যাচাই-বাছাইক্রমে তালিকা প্রস্তুতের কার্যক্রম চলমান আছে। উপযুক্ত সময়ে সভা আহ্বান করা হবে- মর্মে জানান।</td>
<td>০২। ইমারত/ভবনের নকশা অনুমোদন সংক্রান্ত কমিটির সভা আহ্বানের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৩.</td>
<td><u>মাসিক আয়-ব্যয় বিবরণী উপস্থাপন</u>: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মো: মাসুদুর রহমান সিটি কর্পোরেশনের বিভিন্ন শাখার রাজস্ব আদায় বিবরণী সম্মানিত সদস্যদের অবহিতির জন্য উপস্থাপন করেন। সভায় রাজস্ব আদায়ের তুলনামূলক তথ্য বিশ্লেষণ ও পর্যালোচনা করা হয়।<br>(ii) সেপ্টেম্বর ২০২৩ মাসের সিটি কর্পোরেশনের রাজস্ব আয় ও ব্যয়ের সারসংক্ষেপ নিম্নরূপ-
<table>
<tr><th>আয়</th><th>ব্যয়</th></tr>
<tr><td>৬,৫৭,০৯,৯০৩/-টাকা</td><td>৩,১৯,৭৬,৩৯৪/- টাকা</td></tr>
</table>
(iii) প্রধান রাজস্ব কর্মকর্তা জনাব মো: মোস্তাফিজুর রহমান জানান, অন্তর্বর্তীকালীন করধার্যে এসেসমেন্ট শাখার ০৩টি টিম সকল ওয়ার্ডে রোস্টার মোতাবেক নিয়মিত ভিজিট করে এবং নতুন বাড়ি-ঘর নির্মাণ/পুন:নির্মাণের তথ্য দাখিল করছে। এছাড়া প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের নির্দেশনা অনুযায়ী রাজস্ব বিভাগের অন্যান্য কর্মীও (ট্রেড লাইসেন্স, বিজ্ঞাপন, বাজার ও করআদায়) নিয়মিত মাঠে কাজ করছে। রাজস্ব আদায় অগ্রগতি সন্তোষজনক।<br>(iv) সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৯) জনাব জমীর উদ্দিন খান জম্পি রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ও অর্জন অগ্রগতি মূল্যায়ন ও বিচার-বিশ্লেষনপূর্বক সফল কর্মীদের পুরস্কৃত এবং ব্যর্থ কর্মীদের জবাবদিহিতার আওতায় আনার ওপর গুরুত্বারোপ করেন। এছাড়া সিটি কর্পোরেশনের নিয়মিত/অনিয়মিত সকল কর্মকর্তা-কর্মচারীকে দাপ্তরিক পরিচয়পত্র প্রদানের ব্যবস্থা নিতে সভাপতিকে অনুরোধ জানান।</td>
<td>০১। রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে মাঠ পর্যায়ে চলমান রাজস্ব আদায় টিমের কার্যক্রম আরও জোরদার করতে হবে।<br>০২। রাজস্ব বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীর ওয়ার্ড বা মহল্লাভিত্তিক মাসিক/ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং আদায় অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তরে প্রেরণের জন্য প্রধান রাজস্ব কর্মকর্তাকে অনুরোধ করা হলো। অগ্রগতি প্রতিবেদন মূল্যায়নপূর্বক সফল কর্মীদের পুরস্কৃত এবং ব্যর্থ কর্মীদের জবাবদিহিতার আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>০৩। সিটি কর্পোরেশনের নিয়মিত/অনিয়মিত সকল কর্মকর্তা-কর্মচারীর দাপ্তরিক পরিচয়পত্র প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো।</td>
<td>সচিব<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>প্রধান রাজস্ব কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>০৪.</td>
<td><u>উন্নয়ন কর্মকান্ড সংক্রান্ত</u>: সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী জনাব মো: মাঈন উদ্দিন চিশতী চলমান ও সমাপ্তকৃত উন্নয়ন প্রকল্পের(ডিপিপি, এডিপি, এলজিসিআরআরপি, ইউডিসিজিপি)অগ্রগতি সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর চলমান ও সমাপ্তকৃত প্রকল্পের অগ্রগতি ও গুণগত মান সম্পর্কে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।<br>(ii) নির্বাহী প্রকৌশলী কর্তৃক নিম্নলিখিত প্রাক্কলন/সংশোধিত প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ক্রম</th><th>প্রকল্প/কাজের নাম</th><th>প্রাক্কলিত অর্থ</th></tr>
<tr><td>১.</td><td>কুমিল্লা রামঘাটস্থ সার্বজনীন শ্রী শ্রী দুর্গা মন্দির পুন: নির্মাণ কাজ।</td><td>৪১,১৪,০৩৩.০০</td></tr>
<tr><td>২.</td><td>কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় ২৭নং ওয়ার্ডের চৌয়ারা বিবির দবাজার সড়কের পাঠানকোট, জঙ্গালপুর, ভাটেরা, গলিয়ারা, খিলপাড়া, কালিকাপুর, কমলাপুর, ভূটুয়া শ্রীপুর এলাকার কালভার্ট নির্মাণ কাজ।</td><td>১২,২৫,৫৫৪.০০</td></tr>
<tr><td>৩.</td><td>আশ্রাফপুর মৌজায়, দক্ষিণ আশ্রাফপুর ঈদগাহ মসজিদ উন্নয়ন কাজ।</td><td>৩১,০৮,৯০১.০০</td></tr>
</table></td>
<td>০১। প্রস্তাবিত ২৪টি প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী দরপত্র আহ্বান/কোটেশনের মাধ্যমে পিপিআর ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।<br>০২। প্রস্তাবিত ০৫(পাঁচ)টি Re-Cost Estimate সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী পিপিআর ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।</td>
<td>কাউন্সিলর (সকল)<br>প্রধান প্রকৌশলী<br>নির্বাহী প্রকৌশলী (সকল)<br>সহকারী প্রকৌশলী (সকল)<br>উপসহকারী প্রকৌশলী (সকল)</td>
</tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ৪. | সালমানপুর পুরাতন জামে মসজিদ উন্নয়ন কাজ। | ১৪,৬০,৫৮০.০০ | ০৩। সিটি কর্পোরেশন জামে মসজিদে মুসুল্লিদের নামাজের সুবিধার্থে প্রাঙ্গনে অস্থায়ী সেড/ত্রিপল স্থাপনের প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হলো। প্রকৌশল বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | |
| | ৫. | বাগিচাগাঁও মসজিদের পুকুরের রিটানিং ওয়াল ও মসজিদের রাস্তা নির্মাণ কাজ। | ৭৩,৮৯,৬৭২.০০ | | |
| | ৬. | লাকসাম রোড হতে সার্বজনীন শ্রী শ্রী দুর্গা মন্দির বিপরীত পাশের আরসিসি রাস্তা ও ড্রেইন নির্মাণ কাজ। | ১৯,১০,৫৬৭.০০ | | |
| | ৭. | পানি সরবরাহ শাখার পাইপ লাইন মেরামতের প্রয়োজনীয় মালামাল ও ইকুইপমেন্ট সরবরাহ কাজ। | ১২,০৮,৫৭৫.০০ | | |
| | ৮. | ক) উত্তর রামপুর পূর্বপাড়া জামে মসজিদের টাইলস্, অজুখানা, ইলেক্ট্রনিক ও অন্যান্য উন্নয়ন কাজ। | ৩০,৬২,৩৫৭.০০ | | |
| | ৯. | কুমিল্লা সিটি কর্পোরেশনের ১০নং ওয়ার্ডের বায়তুস সালাম জামে মসজিদ (১তলা) নির্মাণ কাজ। | ৪৪,৬৪,৬০৩.০০ | | |
| | ১০. | কুমিল্লা রামঘাটস্থ সার্বজনীন শ্রী শ্রী দুর্গা মন্দির পুনঃ নির্মাণ কাজ। | ৬,৫৪,২১৭.০০ | | |
| | ১১. | ক) নগর ভবনের Air Conditioner এ বিদ্যুৎ সরবরাহের ক্যাবল ক্রয় ও সংযোগ স্থাপন কাজ | ৯,০২,৪৮৯.০০ | | |
| | | খ) নগর ভবনের অতীন্দ্র মোহন রায় কনফারেন্স রুম এবং প্রধান নির্বাহী কর্মকর্তার কক্ষের এসি সরবরাহ কাজ। | ১৪,৬৩,৭৮৩.০০ | | |
| | ১২. | ১ হতে ২৭নং ওয়ার্ডের সড়ক বাতি মেরামত ও সংরক্ষণ কাজের বাল্ব শেড ও ব্রেকেট ক্রয় কাজ। | ৫৫,৪০,০০০.০০ | | |
| | ১৩. | শাসনগাছা রেল গেইট হতে রেইসকোর্স খাল পর্যন্ত গাইড ওয়াল নির্মাণ। | ৪,৯৯,৬২৬.০০ | | |
| | ১৪. | নুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় স্কুলের পাশের সীমান প্রাচীর নির্মাণ কাজ। | ২,৬৬,৬৩৮.০০ | | |
| | ১৫. | ধনাইতরী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সীমানা প্রাচীরের গেইট নির্মাণ | ২,৩৫,০৫৯.০০ | | |
| | ১৬. | ক) কালিয়াজুরী এডভোকেট মোয়াজ্জেম হোসেন সাহেবের বাড়ীর রাস্তা, খ) কালিয়াজুরী হাফেজ রোডের কাশেম মিয়ার বাড়ী হতে সবুজ মিয়ার বাড়ীর রাস্তার আরসিসি দ্বারা উন্নয়ন কাজ। | ৪,৯৭,৩৩৭.০ | | |
| | ১৭. | নুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় স্কুলের গেইট নির্মাণ কাজ। | ১,০৪,২৬৯.০০ | | |
| | ১৮. | নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় মেরামত কাজ। | ৩,৮৪,৮২০.০০ | | |
| | ১৯. | ২০নং ওয়ার্ডে উনাইশার কালভার্ট হইতে কাউন্সিলর অফিস পর্যন্ত রাস্তায় গর্ত মেরামত কাজ। | ৪,৩৮,৮২৯.০০ | | |
| | ২০. | কালিকাপুর শাহদাতের পুকুরে রিটাইনিং ওয়ালের সাইডে ও গোয়ালমথন কাউন্সিলর বাড়ীর পুকুরের রিটাইনিং ওয়ালের সাইডে মাটি ভরাট করণ কাজ। | ৪,৯৬,৬৬১.০০ | | |
| | ২১. | লেপটপ, প্রিন্টার এবং স্ক্যানার সরবরাহ করণ কাজ। | ১,৪৬,২০০.০০ | | |
| | ২২. | কুমিল্লা সিটি কর্পোরেশনের কাজে ব্যবহৃত যানবাহন এ জিপিএস ডিভাইস সরবরাহ কাজ। | ২,৯৯,২০০.০০ | | |
| | ২৩. | সচিব মহোদয় এবং বিজ্ঞাপন শাখার জন্য ডেক্সটপ, প্রিন্টার ও স্ক্যানার ক্রয় কাজ। | ২,৪১,২০০.০০ | | |
| | ২৪. | কুমিল্লা সিটি কর্পোরেশনের ১২নং ওয়ার্ডে ডিগাম্বারীতলা মহল্লায় আনোয়ার মসজিদ সম্মুখে ও ১০নং ওয়ার্ডের ঝাউতলা মহল্লায় ইকরা স্কুল এর সম্মুখে গ্রামীন অফিস গলির কালভার্ট এপ্রোচ নির্মাণ কাজ। | ৩,৬৭,৩১৯.০০ | | |

**(iii) <u>Re- Cost Estimate সংক্রান্ত:</u>** নির্বাহী প্রকৌশলী নিম্নবর্ণিত Re-Cost Estimate অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

| | | | |
|---|---|---|---|
| | (ক) CUCC/CIDP/2022-2023/W-06, Tender ID No: 749278, চুক্তি মূল্য- ৯,৩১,৯৮,৪৪৫/-(নয় কোটি একত্রিশ লক্ষ আটানব্বই হাজার চারশত পয়তাল্লিশ) টাকা এবং ভেরিয়েশন প্রাক্কলন মূল্য মং- ৯,২৮,৭৩,৬০১/- (নয় কোটি আটাশ লক্ষ তিয়াত্তর হাজার ছয়শত এক) টাকা। ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যের ৩,২৪,৮৪৪/-টাকা বা ০.৩৫% কম।<br>(খ) Package no-011, TID no-769280 PW-11-R-49 Construction of R.C.C Road A.K fazlul houque road to Monsef Bari Via Rifat saheb house in ward no-11, L -o1 R.c.c Road Sibuder Golly to late Safikur Rahman house in ward no-11, (02) PW-11 (Road-47) Construction of R.C.C Road Usha Market goli to Papul house in ward no-11. (03) PW-11(Drain-47) Construction of R.C.C Drain of Govt.Mohila college road side to Basir saheb house,(RCC R/W at West side of Ranir Dhigi beside of Victoria Govt.College) in ward no-11, (04) PW-11(Road-48) Construction of R.C.C Road of Govt.Mohila college road side to Basir saheb house in ward no-11, (05) PW-11(D-49)Construction of R.C.C Drain A.K fazlul houque road toMonsef Bari Via Rifat saheb house in ward no-11, Link -o1 R.c.c Drain Sibuder Goli to late safikur rahman house in ward no-11, (06) PW-11(D-48) Construction of R.C.C Drain Islami bank front to Victoria college Khal in ward no-11, (07) PW-11(Drain-52) Construction of R.C.C Drain Mathercare north side gally Naher lodge bhaban to baher tower in ward no-11, (08) PW-11(Drain-53) Construction of R.C.C Drain Razgang road to monsefbari, Link-1 Usof School to deshwalipotty in ward no-11, (09) PW-11-R-52, Construction of R.C.C Road Razgang road to monsefbari road Link-1 yousof School gally to deshwalipotty in ward no-11, (10) Copy of PW-11(Drain-50) Construction of R.C.C Drain Nimtola road to Halim saheb house in ward no-11. চুক্তি মূল্য-৬,৮৯,৯৬,২০২/-(ছয় কোটি উননব্বই লক্ষ ছিয়ানব্বই হাজার দুইশত দুই) টাকা এবং ভেরিয়েশন প্রাক্কলন মূল্য মং- ৬,৮৯,৮৭,৫৫৫/- (ছয় কোটি উননব্বই লক্ষ সাতাশি হাজার পাচশত পঞ্চান্ন) টাকা। ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যের ৮,৬৪৭/-টাকা বা ০.০১% কম।<br>(গ) CUCC/CIDP/2021-2022/W-004, Tender Id No- 678816 এর (1) PW-004 (Drain-015) Construction of RCC Drain A) Sahid Abu Jahid Sarak Bapary Pokur south par via Jahangir sarak B) Bapary Pond par Amenia house, Ex Councilor Hafiz house, Link- Mazib sir & Jahir mia house Link-3 Khokan Chowdery house Link-4 Ful Mia house, (2) PW-004 (Road 013) Construction of RCC Road A) Sahid Abu Jahid Sarak Bapary Pokur south par via Jahangir sarak B) Bapary Pond par Amenia house, Ex Councilor Hafiz house ,Link- Mazib sir & Jahir mia house Link-3 Khokan Chowdery house Link-4 Ful Mia house, (3) PW-004( Road-014) Ga) Construction of RCC Road Bapary Pokur par Primary School to Mohajon house via Porash house Gha) Construction of RCC Retaining wall & Footpath & SS Railing work in Kaptan Bazer Bater Pond side & (4) PW-004 (Drain-016) Construction of RCC Drain Ga) Bapary Pokur par Primary School to Mohazon & Porash house at Ch.00-320m in ward no-04, চুক্তি মূল্য ৮,০৬,১৭,৪৫১/- (আট কোটি ছয় লক্ষ সতেরো হাজার চারশত একান্ন টাকা) টাকা এবং ভেরিয়েশন প্রাক্কলন মূল্য ৮,১৬,১২,৮৬৭/- (আট কোটি ষোল লক্ষ বারো হাজার আটশত সাতষট্টি) টাকা। ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যে ৯,৯৫,৪১৬/-টাকা বা ১.২২% বৃদ্ধি। | | |

| | | | |
|---|---|---|---|
| | (ঘ) CUCC/CIDP/2022-2023/PW-025, Tender Id No- 749290 (1) Drain-117 Construction of RCC Drain at Loy pura- Chowara Road to Dr. Barak mia house, Malak mia house & Madrasa (2) D-118 Construction of RCC Drain Start From Village Chowara Road To Humayan Miaju Bari, Milon Miar Bari, Sabek Counsilar Khalil Shaheber Bari, Shafik Miar Bari, Jilani Mia House. Mujaffar Chowdhury's House (3) D-119 Construction of RCC Drain Start From Dharmapur Airport Road To Jakir Shaheb House, Ohid Police House, Nazim Mia House, Habon Mia House, Mowlana Lotif's House (4) D-120 Construction of RCC Drain Start from Doyapur JICA RCC Road to Doya Madrasha, Doyapur JICA Garo Bazar Road to Metro Hanan Goni, Abdul Matin Master, Odu Shaheber Bari, Sultan Ahmed Bari, Nuro Master Bari (5) Road-121 Constraction of RCC Road at Loy pura-Chowara Road to Dr Barak mia house, Malak mia house & Madrasa (6) Road-122 Construction of R.C.C Road From Gram Chowara Road To Humayun Miazi House, Milon Mia House, Sabek Councilor Khalil Mia House, Safiq Mia House, Jilani Mia House, Mujaffar Chowdhury House Road (7) Road-123 Construction of RCC Road Dormopur Airport Road to Jakir Shaheb House, Ohid Police House, Najim Miar Bari, Habon Miar bari, Maou. Latif Miar Bari (8) Road-124 Construction of RCC Road Start from Doyapur JICA RCC Road to Doya Madrasha, Doyapur JICA Garo Bazar Road to Metro Hanan Goni, Abdul Matin Master, Odu Shaheber Bari, Sultan Ahmed Bari, Nuro Master Bari Under Cumilla City Corporation (Ward No. 25), প্রাক্কলিত মূল্য- ৭,৩৪,৬০,৯৬৪/-(সাত কোটি চৌত্রিশ লক্ষ ষাট হাজার নয়শত চৌষট্টি) টাকা, ভেরিয়েশন প্রাক্কলন ৭,৩৪,৫২,৭৩৯/-(সাত কোটি চৌত্রিশ লক্ষ বায়ান্ন হাজার সাতশত উনচল্লিশ) টাকা। ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যের ৮২২৫/-টাকা বা ০.০১১% নিম্ন।<br>(ঙ) CUCC/CIDP/2022-2023/W-07, Tender ID: 749277 (1) (Drain-030) Construction of RCC Drain in Ashoktola Khan Bari Jame Mosque south para Yeasmin house via main road (2) (Drain- 031) Construction of RCC Drain in (A) Gobindapur Govt. Primary School to Khanka Sharif via Rail line (B) Gobindapur Khanka Sharif side Lutfur Rahaman house to Asrom link (C) Khanka Sharif Road to City Corporation Imam house (3) (Road-027) Construction of RCC Road in Ashoktola Khan Bari Jame Mosque south para Yeasmin house via main road (4) (Road-028) Construction of RCC Road (A) Gobindapur Govt. Primary School to Khanka Sharif via Rail line (B) Gobindapur Khanka Sharif iternal Road & (5) (Road- 029) Construction of RCC Road Ram-Mala Road (Chan kha Mosque) to Late Saiful house up to Akter Hamid Khan sarak link Ram-Mala Asrom road to Lutfur house Under Cumilla City Corporation (Ward No-07), প্রাক্কলিত মূল্য ৪,৯৪,৫৯,৪৯৫/-টাকার স্থলে ৪,৯৩,০১,৯৩৫.১১ টাকা। ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যের ১,৫৭,৫৬০/- টাকা বা ০.৩২% নিম্ন।<br>**(iv) সিটি কর্পোরেশন জামে মসজিদ সম্প্রসারণ সংক্রান্ত:** সিটি কর্পোরেশন জামে মসজিদের ইমাম মাওলানা আবদুর রহমান জানান, মসজিদে মুসুল্লিদের বসার জায়গা সংকুলান হয় না। বিশেষকরে জুমা'র নামাজে এটি আরও প্রকট হয়ে দাড়ায়। মুসুল্লিরা মসজিদের বাইরে রোদ-বৃষ্টিতে নামাজ পড়ে। তাই মসজিদ সম্প্রসারণ করা প্রয়োজন। প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, ডিপিপি'র আওতায় ৯তলা বিশিষ্ট নতুন নগর ভবন নির্মাণ প্রকল্প কাজ শুরু হবে। এ কাজে বিদ্যমান অবকাঠামো পুনর্বিন্যাস হবে। তাই মসজিদ সম্প্রসারণ না করে প্রাঙ্গনে অস্থায়ীভাবে সেড/ত্রিপল স্থাপনের প্রস্তাব করেন। | | |

কুমিল্লা সিটি কর্পোরেশনের ৩০/১০/২০২৩খ্রি: তারিখের মাসিক সভার কার্যবিবরণী

| | | | |
|---|---|---|---|
| ০৫. | **শাখাভিত্তিক আলোচনা:**<br>(ক) **ট্রেড লাইসেন্স:** সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৯) জনাব জমীর উদ্দিন খান জম্পি সভাপতির দৃষ্টি আকর্ষণক্রমে জানান, শহরের বিভিন্ন ওয়ার্ডে অলি-গলিতে বাণিজ্যিকভাবে মাদ্রাসা, হেফজখানা পরিচালিত হচ্ছে। এগুলো তালিকাকরে ট্রেড লাইসেন্স/কর এর আওতায় আনা দরকার। এছাড়া শহরের সকল কিন্ডার গার্টেন, কোচিং সেন্টার তালিকাভুক্ত ও কর এর আওতায় আনার বিষয়েও সভায় আলোচনা হয়।<br>(খ) **বর্জ্য ব্যবস্থাপনা: (i) ডেঙ্গু প্রাদুর্ভাব মোকাবেলায় অভিযান:** প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন সারাদেশে ডেঙ্গু সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় সরকার দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ ২০২৩ পালন ও প্রচারাভিযান পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করেছে। ২৯ অক্টোবর ২০২৩ তারিখ হতে ০৪ নভেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত এ সপ্তাহ পালিত হচ্ছে। এ উপলক্ষে সিটি কর্পোরেশন কর্তৃক জনসচেতনতা সৃষ্টি, মশার প্রজননস্থল বিনষ্টকরণ, পরিচ্ছন্নতা অভিযান, লার্ভা ও মশা নিধনে ওষুধ স্প্রে করাসহ বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচি সার্থক করার জন্য সম্মানিত সকল কাউন্সিলরের সহযোগিতা কামনা করেন।<br>সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৯) জনাব জমীর উদ্দিন খান জম্পি জানান, মশা নিয়ন্ত্রণে সিটি কর্পোরেশন দলগত ও বিচ্ছিন্নভাবে নিয়মিত নানাবিধ কাজ করছে। কিন্তু এটি নগরবাসীর সম্মুখে দৃশ্যমান হচ্ছে না। পৌরসভাকালীন প্রত্যেক ওয়ার্ডে একটি নির্দিষ্ট স্থানে সমবেত হয়ে জনবল, গাড়ি, স্প্রে মেশিন ও অন্যান্য লজিস্টিক নিয়ে পরিচ্ছন্নতা ও মশক নিয়ন্ত্রণ কর্মসূচি শুরু হতো। এতে জনমনে ব্যাপক সাঁড়া ও সচেতনতা সৃষ্টি হতো। তাই মশক নিয়ন্ত্রণে চলমান ও গৃহীত কর্মসূচি দৃশ্যমান করার জন্য একটি নির্দিষ্ট স্থান হতে ব্যাপক প্রচার-প্রসারণার মাধ্যমে কর্মসূচি শুরু করার প্রস্তাব করেন।<br>সভাপতি বিষয়টি গুরুত্ব অনুধাবন করেন এবং ডেঙ্গু প্রাদুর্ভাব মোকাবেলায় ০১ নভেম্বর ২০২৩ তারিখ স্থানীয় টাউন হল প্রাঙ্গণ হতে ব্যাপক সমারোহে কর্মসূচি উদ্বোধন করার অভিপ্রায় ব্যক্ত করেন।<br>**(ii) মশক নিয়ন্ত্রণ ওষুধ ক্রয়:** মশা নিয়ন্ত্রণে নিয়মিত কর্মসূচিসহ ডেঙ্গু প্রাদুর্ভাব মোকাবেলায় কীটনাশক/ওষুধ ক্রয় বাবদ ১৮,৯২,৮৭৫/-(আঠারো লক্ষ বিরানব্বই হাজার আটশত পচাত্তর) টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>**(iii) ২য় মুরাদপুর নাজিরপুকুর পরিষ্কার সংক্রান্ত:** সম্মানিত কাউন্সিলর (সংরক্ষিত ওয়ার্ড নং ০৫) বেগম নূরজাহান আলম পুতুল জানান, ২য় মুরাদপুর ১৪নং ওয়ার্ড) স্থানীয় নাজিরপুকুর নর্দমা, কচুরীপানাসহ দীর্ঘদিনের জঞ্জালে ভরপুর। মশার প্রজনন স্থলসহ ডেঙ্গু প্রাদুর্ভাবে এটি নিয়ামক। তাই পুকুরটি সংস্কার করা জরুরি।<br>(গ) **বিদ্যুৎ শাখা:** সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৬) জনাব মো: জাহাঙ্গীর হোসেন বাবুল জানান, সড়কে স্থাপিত এলইডি লাইট কয়েকদিন জ্বলে বিকল হয়ে পড়ে। চাহিদা দিয়ে লাইট পাওয়া যায় না। ফলে রাতে চলাচলে বিঘ্ন ঘটছে। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৯) জনাব জমীর উদ্দিন খান জম্পি জানান, বৈদ্যুতিক বাতির নির্দিষ্ট মেয়াদের ওয়ারেন্টি/গ্যারান্টি থাকে। এরমধ্যে বিকল হলে ফেরত/পরিবর্তনযোগ্য। এটি মানা হচ্ছে না কেন? সরবরাহকারী প্রতিষ্ঠান শর্তানুযায়ী বিকল বাতি ফেরত/পরিবর্তন প্রদান করতে বাধ্য। এ প্রসঙ্গে সহকারী প্রকৌশলী জনাব মো: খাইরুল বাসার জানান, সেড না থাকায় এবং বৃষ্টির কারণে বাতি নষ্ট হয়ে যায়। বৈদ্যুতিক বাতি সংগ্রহকার্য প্রক্রিয়াধীন রয়েছে। নভেম্বর ২০২৩ মাসে চাহিদা অনুযায়ী সকল ওয়ার্ডে বৈদ্যুতিক বাতি সরবরাহ সম্ভব হবে।<br>(ঘ) **প্রশাসনিক বিভাগ: (i)** কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন অনুমোদন: সিটি কর্পোরেশনের সচিব জানান, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৪৩ মোতাবেক সিটি কর্পোরেশনের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করার বিধান রয়েছে এবং এটি প্রতি বছর তৈরী করা হচ্ছে। আইনের ধারা ও স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুযায়ী কুমিল্লা সিটি কর্পোরেশনের বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ প্রণয়ন করা হয়েছে। পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে প্রতিবেদনের সারসংক্ষেপ সভায় উপস্থাপন করা হয়। | ০১। শহরের বিভিন্ন ওয়ার্ডে স্থাপিত সকল কোচিং সেন্টার/কিন্ডার গার্টেন, মাদ্রাসা, হেফজখানা এ সকল প্রতিষ্ঠানের ওয়ার্ডভিত্তিক তালিকাকরণ ও ট্রেড লাইসেন্স/কর এর আওতায় আনার কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ কাজের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের জন্য প্রধান রাজস্ব কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>০২। ডেঙ্গু প্রাদুর্ভাব মোকাবেলায় ০১ নভেম্বর ২০২৩ তারিখ স্থানীয় টাউন হল প্রাঙ্গণ হতে পরিচ্ছন্নতা সপ্তাহ ২০২৩ পালন ও প্রচারাভিযান কর্মসূচি শুরু হবে। সম্মানিত সকল কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারীকে এ কর্মসূচিতে স্বত:স্ফূর্তভাবে অংশগ্রহণের অনুরোধ করা হলো। **(ii)** ডেঙ্গু প্রাদুর্ভাব মোকাবেলায় কীটনাশক/ওষুধ ক্রয় বাবদ ১৮,৯২,৮৭৫/-(আঠারো লক্ষ বিরানব্বই হাজার আটশত পচাত্তর) টাকা ব্যয় প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হলো। ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা, বিল-ভাউচার, মজুদ ও বিতরণ রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।<br>**(iii)** সিটি কর্পোরেশন কর্তৃক ২য় মুরাদপুর (১৪নং ওয়ার্ড) স্থানীয় নাজিরপুকুর নর্দমা, কচুরীপানা ও জঞ্জাল পরিষ্কারের সিদ্ধান্ত গৃহীত হলো। স্থানীয় কাউন্সিলরকে এ কাজের আবহ সৃষ্টি ও কর্মসূচি কঞ্জারভেন্সি বিভাগে দাখিলের অনুরোধ করা হলো।<br>০৩। রাতের বেলা সড়কে নিরাপদ চলাচল নিশ্চিতে নভেম্বর ২০২৩ মাসের মধ্যে সকল ওয়ার্ডে চাহিদা ও যৌক্তিকতার ভিত্তিতে বৈদ্যুতিক বাতি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br>০৪। কুমিল্লা সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন ২০২২-২০২৩ সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হলো। | কাউন্সিলর (সকল)<br>প্রধান নির্বাহী কর্মকর্তা<br>প্রধান প্রকৌশলী<br>সচিব<br>প্রধান রাজস্ব কর্মকর্তা<br>বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br>সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>প্রশাসনিক কর্মকর্তা<br>লাইসেন্স কর্মকর্তা<br>ভান্ডার কর্মকর্তা |

**(ii)** শারদীয় দুর্গোৎসব ২০২৩ উদযাপন উপলক্ষে প্রতিবছরের ন্যায় এবারও সিটি কর্পোরেশন এলাকার বিভিন্ন পূজামন্ডপে আর্থিক সহায়তা প্রদান বাবদ ৪,৩২,০০০/-(চার লক্ষ বত্রিশ হাজার) টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**(iii)** C4C-2 প্রকল্পের আওতায় ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটি (WLCC) সভা অনুষ্ঠান সংক্রান্ত: সিটি কর্পোরেশনের সচিব বেগম আশরাফুন নাহার জানান, জাইকা সহায়তাপুষ্ট ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব সিটি কর্পোরেশন (C4C-2)প্রকল্পের আওতায় সিটি কর্পোরেশন পরিচালন ব্যবস্থাপনা(গভর্নেন্স) উন্নয়ন কৌশলপত্র ২০২০-২০৩০ বাস্তবায়নে ত্রৈমাসিক ভিত্তিতে ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটি'র (WLCC) সভা অনুষ্ঠানের নির্দেশনা রয়েছে। সম্মানিত কাউন্সিলরগণের নেতৃত্বে ইতোমধ্যে কমিটিও গঠন করা হয়েছে। অক্টোবর-ডিসেম্বর ২০২৩ কোয়ার্টারের সভা অনুষ্ঠানের জন্য সম্মানিত সকল কাউন্সিলরকে অনুরোধ জানান।

**(iv)** সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৯) জনাব জমীর উদ্দিন খান জম্পি মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের মর্যাদাবোধ থেকে সিটি কর্পোরেশনের মেয়র মহোদয়ের কক্ষে বীর মুক্তিযোদ্ধাদের জন্য ০১টি প্রতিকী সুসজ্জিত চেয়ার সংরক্ষণ করার প্রস্তাব করেন।

**(v)** সিটি কর্পোরেশনের ৩৬টি ওয়ার্ড কার্যালয়ের জন্য ৩৬টি কালার প্রিন্টার ক্রয়ের লক্ষ্যে প্রাক্কলিত ৮,৪৪,২৭২/-(আটলক্ষ চুয়াল্লিশ হাজার দুইশত বাহাত্তর) টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**(vi)** নগর ভবনে ইন্টারকম স্থাপন: সিটি কর্পোরেশনের সচিব জানান, দাপ্তরিক কাজ দ্রুত ও বেগবান করার জন্য নগর ভবনের সকল বিভাগ-শাখায় আন্ত:যোগাযোগ ব্যবস্থা (ইন্টারকম) স্থাপন করা দরকার। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

(ঙ) **পরিবহন:** সহকারী প্রকৌশলী জনাব মো: খাইরুল বাসার পরিবহন শাখার জরুরি কাজের জন্য নিম্নলিখিত প্রাক্কলন অনুমোদনের নিমিত্ত সভায় উপস্থাপন করেন।

| ক্রম | প্রকল্প/কাজের নাম | প্রাক্কলিত অর্থ |
|---|---|---|
| ১. | সিটি কর্পোরেশনের গাড়ি (ঢাকা মেট্রো-ঠ-১৩-৪৭৬১) মেরামতকরণ। | ১,৫৭,৪০০/- |
| ২. | সিটি কর্পোরেশনের যানবাহনের গতিবিধি পর্যবেক্ষণের জন্য ৩২টি যানবাহনে জিপিএস ট্রেকার স্থাপন। | ২,৯৯,২০০/- |
| ৩. | সিটি কর্পোরেশনের ১১টি গাড়ির ২৭টি টায়ার ক্রয়। | ৮,৩৯,৭৪০/- |
| ৪. | সিটি কর্পোরেশনের ওয়ার্কশপের জন্য যন্ত্রপাতি ক্রয়। | ১,৭৫,০০০/- |

**সিদ্ধান্ত:** সিটি কর্পোরেশনের পরিবহন শাখার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রস্তাবিত ০৪(চার)টি প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়।

**(ii)** শারদীয় দুর্গোৎসব ২০২৩ সুষ্ঠুভাবে উদযাপন উপলক্ষে সিটি কর্পোরেশন এলাকার৬৬টি পূজামন্ডপে আর্থিক সহায়তা প্রদান বাবদ ৪,৩২,০০০/-(চার লক্ষ বত্রিশ হাজার) টাকা সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়। **(iii)** অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর ২০২৩ কোয়ার্টারের ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটি (WLCC) ত্রৈমাসিক সভা অনুষ্ঠানপূর্বক সভার কার্যবিবরণীর এককপি সাধারণ শাখায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সম্মানিত সকল কাউন্সিলর তথা কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো। সিটি কর্পোরেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সভা অনুষ্ঠান সমন্বয় ও নিশ্চিত করবেন। **(iv)** মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের মর্যাদা সমুন্নত রাখার জন্য সিটি কর্পোরেশনের মেয়র মহোদয়ের কক্ষে বীর মুক্তিযোদ্ধাদের জন্য ০১টি প্রতিকী আসন সংরক্ষণের প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে গৃহীত হলো। সিটি কর্পোরেশনের সচিব এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**(v)** সিটি কর্পোরেশনের ৩৬টি ওয়ার্ড কার্যালয়ের জন্য ৩৬টি কালার প্রিন্টার ক্রয়ের লক্ষ্যে প্রস্তাবিত ৮,৪৪,২৭২/-(আট লক্ষ চুয়াল্লিশ হাজার দুইশত বাহাত্তর) টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়।

**(vi)** নাগরিক সেবাসহ সকল প্রকার দাপ্তরিক কাজ দ্রুত ও বেগবান করার লক্ষ্যে নগর ভবনের সকল বিভাগ-শাখায় আন্ত:যোগাযোগ ব্যবস্থা (ইন্টারকম) স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো। নির্ধারিত প্রক্রিয়ায় অনুসরণপূর্বক এ কাজ বাস্তবায়ন করতে হবে।

০৬. **কুমিল্লা সিটি কর্পোরেশনের ০৯ নং ওয়ার্ডের সীমানা পুনর্বিন্যাস সংক্রান্ত:**

সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৯) জনাব জমীর উদ্দিন খান জম্পি জানান, বিলুপ্ত কুমিল্লা পৌরসভায় এককালে ০৬টি ওয়ার্ড ছিল। পরবর্তীতে ওয়ার্ড বিভক্তি/পুনর্বিন্যাস করে ১৮টি ওয়ার্ড গঠন করা হয়। ওয়ার্ড পুনর্বিন্যাসের সময় বাগিচাগাও ওয়ার্ডকে দ্বিখন্ডিত করে পার্শ্ববতী ওয়ার্ডে (বর্তমান ১০নং ওয়ার্ড) অন্তর্ভুক্ত করা হয় এবং এর ফলে ০৯নং ওয়ার্ড থেকে ১০নং ওয়ার্ডে প্রায় ২২০০ ভোটার স্থানান্তরিত হয়। এতে বাগিচাগাও মহল্লার দীর্ঘকালের সামাজিক মেলবন্ধন ও ঐক্য ছিন্ন হয়ে পড়ে এবং তুলনামূলকভাবে ০৯নং ওয়ার্ডের (বাগিচাগাও) আয়তন, ভোটার ও জনসংখ্যা উল্লেখযোগ্য হারে হ্রাস ও সীমিত হয়ে পড়ে। অন্যদিকে পার্শ্ববর্তী ১০নং ওয়ার্ডের আয়তন, ভোটার ও জনসংখ্যা তুলনামূলকভাবে বেড়ে যায়। তিনি ০৯নং ওয়ার্ডের পার্শ্ববর্তী ওয়ার্ডসমূহের ভোটার ও জনসংখ্যার একটি তথ্যচিত্র সভায় তুলে ধরেন।

| ওয়ার্ড নং | আয়তন (একর) | জনসংখ্যা | ভোটার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| **০৯** | **৮৩.১১** | **৯,৫১৩** | ৪,৯৪৯ | জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর প্রাথমিক তথ্য অনুয়ায়ী জনসংখ্যা এরুপ। বাস্তবে প্রতিটি ওয়ার্ডে জনসংখ্যা দ্বিগুণ প্রায়। |
| ১০ | ২৩৬.৭০ | ২৫,৩৯০ | ১০,৬৩৮ | |
| ০৩ | ২৫২.১৭ | ২৮,৭৭৪ | ১৬,৩২০ | |
| ০৭ | ১৯১.৯২ | ১৪,৫৭৯ | ৮,৫০৩ | |

উপরোল্লিখিত তথ্যচিত্র থেকে তৎকালীন ওয়ার্ড বিভাজনে আয়তন, ভোটার ও জনসংখ্যার মানদন্ডে অসমতা বা অসামঞ্জস্য সহজেই অনুমেয়। এ ধরণের অসামঞ্জস্য ও বৈপরীত্যের কারণে নাগরিক সেবা ব্যাহতসহ নানাবিধ সমস্যার উদ্ভব হচ্ছে। নির্বাচনী বিধি-বিধানে ওয়ার্ডের ভোটার তারতম্য ১০% বা ১৫% এর বেশী হওয়ার কথা নয়- মর্মে সভায় অবহিত করেন। এছাড়া ০৯নং ওয়ার্ডে শুধুমাত্র একটি ভোট কেন্দ্র (বাগিচাগাও সরকারি প্রাথমিক বিদ্যালয়) এবং এ কেন্দ্রে সীমিত কক্ষের কারণে জাতীয় নির্বাচনে মহিলা ও পুরুষ ভোটারের ভোট প্রদানে বিঘ্ন ঘটে। তিনি জানান, এসব বিষয়াদি নিয়ে স্থানীয় মাননীয় সংসদ সদস্যের সাথে মতবিনিময় করা হলে বাস্তব ও যৌক্তিকতা তুলে ধরে যথাযথ কর্তৃপক্ষের নিকট ০৯নং ওয়ার্ড পুন:বিন্যাসের প্রস্তাব প্রেরণের পরামর্শ প্রদান করেছেন। তাছাড়া স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ ও নির্বাচনী বিধি-বিধানে ওয়ার্ডের সীমানা নির্ধারণে এলাকার অখন্ডতা ও জনসংখ্যার বিন্যাসের ওপর গুরুত্বারোপ করা হয়েছে। তাই বাগিচাগাও এলাকার অখন্ডতা সুরক্ষা এবং পার্শ্ববর্তী ওয়ার্ডগুলোর সাথে আয়তন, জনসংখ্যা ও ভোটারের অসামঞ্জস্যতা নিরোধকল্পে কুমিল্লা সিটি কর্পোরেশনের ৯নং ওয়ার্ডের সীমানা পুনর্বিন্যাসের প্রস্তাব করেন এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতিকে অনুরোধ জানান।

প্রসঙ্গক্রমে সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১০) জনাব মো: মনজুর কাদের মনি জানান, ঝাউতলা, ১ম/২য় কান্দিরপাড় ও বাগিচাগাও(অংশবিশেষ) মহল্লা নিয়ে ১০নং ওয়ার্ড গঠিত। এ ওয়ার্ডের বাসিন্দারা সিটি কর্পোরেশনের উন্নয়ন, সেবা-পরিষেবা, অবকাঠামো নিয়ে সন্তুষ্ট। তাছাড়া তাদের সকল প্রকার সনদ (নাগরিক সনদ, জন্ম-মৃত্যু সনদ, পাসপোর্ট, এনআইডি ইত্যাদি) ও অন্যান্য কাগজাদি তথ্য ১০নং ওয়ার্ডভুক্ত। ওয়ার্ডবিভক্তি বা ভিন্নওয়ার্ডে স্থানান্তর হলে ১০ নং ওয়ার্ডের বাসিন্দারা নানাবিধ হয়রানি ও জটিলতার সন্মুখীন হবে। তাই ১০নং ওয়ার্ডবাসী ওয়ার্ডবিভক্তি বা অন্য ওয়ার্ডে অন্তর্ভুক্তিতে অনিচছুক। প্রায় দু'হাজার লোকের স্বাক্ষরসম্বলিত এ সংক্রান্ত একটি আবেদন তার নিকট সংরক্ষিত আছে- মর্মে সভায় অবহিত করেন।

প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এ (ধারা ২৮ ও ২৯) ওয়ার্ড বিভক্তি বা ওয়ার্ডের সীমানা নির্ধারণ সংক্রান্ত সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। সরকার কর্তৃক গেজেটে প্রজ্ঞাপন দ্বারা সীমানা নির্ধারণ কর্মকর্তা নিয়োগ, মাঠ তদন্ত, অভিযোগ, আপত্তি, পরামর্শ ইত্যাদি বিবেচনাক্রমে ওয়ার্ডের বিভক্তি বা সীমানা নির্ধারণ করা হয়।

অত:পর এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রস্তাবিত ০৯নং ওয়ার্ড পুনর্বিন্যাস বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণের ব্যবস্থা নিতে সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ জানান।

০১। কুমিল্লা সিটি কর্পোরেশনের ০৯নং ওয়ার্ড পুনর্বিন্যাস বিষয়ে যৌক্তিকতা এবং পূর্বাপর সকল তথ্য ও কাগজাদিসহ প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র দেওয়ায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

প্রধান নির্বাহী কর্মকর্তা
কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩, ০৯ ও ১০)
সচিব

| | | | |
|---|---|---|---|
| ০৭. | **অবৈধ উচ্ছেদ সংক্রান্ত:** প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, পদুয়ারবাজার বিশ্বরোড, টমছমব্রিজ, শাসনগাছাসহ শহরের বিভিন্ন সড়কের উপর অবৈধ দোকান-পাট, ভ্রাম্যমান বাজার, টিকেট কাউন্টার স্থাপনের কারণে যানজট হচ্ছে। এগুলো উচ্ছেদ করা দরকার। জেলা আইন-শৃঙ্খলা কমিটিতে এ নিয়ে বার বার আলোচনা হচ্ছে। উচ্ছেদ অভিযান পরিচালনায় স্থানীয় কাউন্সিলরের সহযোগিতা প্রয়োজন।<br>সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ২২) জনাব মো: আজাদ হোসেন জানান, পদুয়ারবাজার বিশ্বরোড সড়কের উপর পুলিশবক্স স্থাপন করায় যানজট সৃষ্টি হচ্ছে। এটি উপযুক্তস্থানে স্থানান্তর জরুরি।<br>সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৬) জনাব মো: আমিনুল ইকরাম জানান, চকবাজার বেবীস্ট্যান্ড যানজট সৃষ্টি করছে। এছাড়া ভ্রাম্যমান ভ্যান, ঠেলাগাড়ির দৌরাত্মে সড়কে বেহালদশা। এ নিয়ে বহু আলোচনা, সিদ্ধান্ত হয়েছে। কার্যকর বা দীর্ঘমেয়াদী কোনো পদক্ষেপ লক্ষ্য করা যাচ্ছে না। সকল প্রকার অবৈধ স্থাপনা ও পরিবহন স্ট্যান্ড বুলডোজার/ভেকু দ্বারা উচ্ছেদ করার প্রস্তাব করেন।<br>সভাপতি জানান, শহরের ৪/৫টি ব্যস্ততম স্পটে সড়কের উপর জেলা পুলিশ বিভাগ কর্তৃক 'পুলিশ বক্স' স্থাপন করা হয়েছে। এগুলো স্থাপনে অনুমতি আছে কিনা দেখা দরকার। সরেজমিন পরিদর্শনক্রমে এ বিষয়ে মতামত জানানোর জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ জানান। এছাড়া সড়কের উপর অবৈধ স্থাপনা, দোকান-পাট, ভ্যানগাড়ি, ঠেলাগাড়ি উচ্ছেদে কোনো ছাড় নয়। ম্যাজিস্টেটসহ সিটি কর্পোরেশনের টিম নিয়ে উচ্ছেদ অভিযান পরিচালনার ব্যবস্থা নিতে প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ জানান। | ০১। পদুয়ারবাজার বিশ্বরোডসহ শহরের বিভিন্ন স্থানে সড়কের উপর স্থাপিত 'পুলিশ বক্স' স্পটগুলো সরেজমিন পরিদর্শনপূর্বক এ বিষয়ে মতামত প্রদানের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো। **(ii)** ম্যাজিস্ট্রেটসহ সিটি কর্পোরেশনের টিম নিয়ে উচ্ছেদ অভিযান পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা<br>সচিব<br>বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |
| ০৮. | **বিবিধ:**(ক)**'প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প (এলআইইউপিসিপি):** প্রধান প্রকৌশলী জনাব গৌতম প্রসাদ চৌধুরী জানান, দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে এলজিইডি'র আওতাধীন কুমিল্লা সিটি কর্পোরেশনের ১৬টি ওয়ার্ডে 'প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প (এলআইইউপিসিপি)' পরিচালিত হচ্ছে। এ প্রকল্পের আওতায় টাউন ফেডারেশন ও সিডিসি সংগঠন রয়েছে। এসব সংগঠনের কর্মী/সদস্যদের উন্নয়নে সিটি কর্পোরেশন থেকে আর্থিক সহায়তা প্রদানের জন্য সংগঠনের পক্ষ হতে আবেদন করা হয়েছে।<br>সম্মানিত কাউন্সিলর (সংরক্ষিত ওয়ার্ড নং ০১) ও মেয়র প্যানেলের সদস্য-০৩ বেগম কাউছারা বেগম সুমি জানান, প্রকল্পের আওতায় কমিউনিটিতে সিডিসি সদস্যদের মৌলচাহিদা টিউবওয়েল, টয়লেট, খাবার স্যালাইন, শিক্ষা সামগ্রি ইত্যাদি কোনো ব্যবস্থা নেই। সদস্যদের জীবনমান উন্নয়নে অবকাঠামোসহ এ সকল মৌলচাহিদা পূরণে সিটি কর্পোরেশন থেকে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। এছাড়া প্রকল্পের মেয়াদ জুন ২০২৪ মাসে উত্তীর্ণ হবে। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৯) জনাব জমীর উদ্দিন খান জম্পি প্রকল্পের মেয়াদ বাড়ানোর উদ্যোগ নিতে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সম্মানিত কাউন্সিলর (সংরক্ষিত ওয়ার্ড নং ০৭) বেগম তাহমিনা আক্তার এলআইইউপিসিপি প্রকল্পে সদর দক্ষিণ অংশের ০৯টি ওয়ার্ডকে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করেন এবং সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে বরাদ্দ সুষম বণ্টনের অনুরোধ জানান।<br>(খ) **বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্ট ২০২৩** : সভাপতি জানান, কুমিল্লা শহিদ ধীরেন্দ্র নাথ দত্ত স্টেডিয়ামে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্ট ২০২৩ (বালক ও বালিকা) এ অংশগ্রহণ করে সিটি কর্পোরেশন টিম সেমিফাইনালে উত্তীর্ণ হয়েছে। টুর্ণামেন্টে সিটি কর্পোরেশন টিম চূড়ান্ত বিজয় অর্জনে সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১১) ও মেয়র প্যানেলের সদস্য-০১ জনাব হাবিবুর আল-আমিন সাদী, সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ, সিটি কর্পোরেশন কর্মকর্তা জনাব মোহাম্মদ ইউসুফ ও সকল খেলোয়াড় সর্বোচ্চ প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। সভাপতি তাঁদের প্রয়াসে সকলকে ধন্যবাদ জানান এবং ফাইনালে বিজয়ের আশাবাদ ব্যক্ত করেন। | ০১। 'প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প (এলআইইউপিসি)' আওতায় টাউন ফেডারেশন ও সিডিসি সদস্যদের জীবনমান উন্নয়নে সিটি কর্পোরেশন থেকে বরাদ্ প্রদানের নীতিগত সিদ্ধান্ত গৃহীত হলো। এ লক্ষ্যে প্রকল্পের পূর্বাপর তথ্যসহ প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের জন্য প্রধান প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br><br>০২। কুমিল্লা শহিদ ধীরেন্দ্র নাথ দত্ত স্টেডিয়ামে ০৫ নভেম্বর ২০২৩ তারিখ অনুষ্ঠেয় বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্ট ২০২৩ (বালক ও বালিকা) ফাইনাল খেলা স্বত:স্ফূর্তভাবে উপভোগ করার জন্য সম্মানিত সকল কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারীকে অনুরোধ করা হলো। | কাউন্সিলর (সকল)<br>প্রধান প্রকৌশলী<br>সকল কর্মকর্তা-কর্মচারী<br>ওয়ার্ড সচিব (সকল) |

কুমিল্লা সিটি কর্পোরেশনের ৩০/১০/২০২৩খ্রি: তারিখের মাসিক সভার কার্যবিবরণী

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা/-
আরফানুল হক রিফাত
মেয়র
কুমিল্লা সিটি কর্পোরেশন
ফোন: ০২৩৩৪৪০৬০৯৯
ইমেইল: coccbd@gmail.com

স্মারক নং ৪৬.১৭.১৯.৫০.০১৫.০০.১২৮.২০২২-২৮৫৭ (১০০) তারিখ: ৩০/১০/২০২৩খ্রি.

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সিটি কর্পোরেশন-১ শাখা)
০২। জনাব/বেগম ...........................................................................কাউন্সিলর...........নং ওয়ার্ড, কুমিল্লা সিটি কর্পোরেশন
০৩। সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৪। বিভাগ প্রধান (সকল)..............................................................., কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৫। আইটি কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা(সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। শাখা প্রধান (সকল)................................................................, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৭। পিএটু মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৮। রেকর্ড কিপার, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা (গার্ড ফাইলে সংরক্ষণের জন্য)
০৯। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল

৩০.১০.২০২৩

মো: ছামছুল আলম
প্রধান নির্বাহী কর্মকর্তা
কুমিল্লা সিটি কর্পোরেশন
ফোন: ০২৩৩৪৪৩৭১০০
মোবাইল: ০১৭১২ ৭৮৯৭১০
samsul22bcs@gmail.com

কুমিল্লা সিটি কর্পোরেশনের ৩০/১০/২০২৩খ্রি: তারিখের মাসিক সভার কার্যবিবরণী

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সিটি কর্পোরেশনের কাউন্সিলরবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে):

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | বেগম কাউছারা বেগম | সংরক্ষিত আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০৩ |
| ২. | বেগম নাদিয়া নাসরিন | সংরক্ষিত আসনের কাউন্সিলর |
| ৩. | বেগম রুমা আক্তার | ,, |
| ৪. | বেগম নূর জাহান আলম(পুতুল) | ,, |
| ৫. | বেগম নেহার বেগম | ,, |
| ৬. | বেগম তাহমিনা আক্তার | ,, |
| ৭. | বেগম ফারহানা পারভীন | ,, |
| ৮. | বেগম শাহীন আক্তার | ,, |
| ৯. | জনাব কাজী গোলাম কিবরিয়া | সাধারণ আসনের কাউন্সিলর |
| ১০. | জনাব সরকার মাহমুদ জাবেদ | ,, |
| ১১. | জনাব মো: নাছির উদ্দিন নাজিম | ,, |
| ১২. | সৈয়দ রায়হান আহমেদ | ,, |
| ১৩. | জনাব মো: আমিনুল ইকরাম | ,, |
| ১৪. | জনাব আব্দুর রহমান | ,, |
| ১৫. | জনাব মোহাম্মদ একরাম হোসেন | ,, |
| ১৬. | জনাব জমীর উদ্দিন খান জম্পি | ,, |
| ১৭. | জনাব মো: মনজুর কাদের(মনি) | সাধারণ আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০২ |
| ১৮. | জনাব হাবিবুর আল-আমিন সাদী | সাধারণ আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০১ |
| ১৯. | জনাব কাজী জিয়াউল হক | ,, |
| ২০. | জনাব মো: রাজিউর রহমান | ,, |
| ২১. | জনাব আবুল কালাম আজাদ | ,, |
| ২২. | জনাব সাইফুল বিন জলিল | ,, |
| ২৩. | জনাব মো: জাহাঙ্গীর হোসেন বাবুল | ,, |
| ২৪. | জনাব হানিফ মাহমুদ | ,, |
| ২৫. | জনাব মোহাম্মদ শওকত আকবর | ,, |
| ২৬. | জনাব মো: রেজাউল করিম | ,, |
| ২৭. | জনাব মো: আনোয়ার হোসেন | ,, |
| ২৮. | জনাব কাজী মাহবুবুর রহমান | ,, |
| ২৯. | জনাব মো: আজাদ হোসেন | ,, |
| ৩০. | জনাব মো: মহিবুর রহমান | ,, |
| ৩১. | জনাব মো: এমদাদুউল্লাহ | ,, |
| ৩২. | জনাব মো: আব্দুস সত্তার | ,, |
| ৩৩. | জনাব মো: আবুল হাসান | ,, |

সভায় উপস্থিত সিটি কর্পোরেশনের কর্মকর্তাবৃন্দ(স্বাক্ষরের ক্রমানুসারে):

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব মো: ছামছুল আলম | প্রধান নিবাহী কর্মকর্তা |
| ২. | জনাব গৌতম প্রসাদ চৌধুরী | প্রধান প্রকৌশলী |
| ৩. | বেগম আশরাফুন নাহার | সচিব |
| ৪. | জনাব মো: মোস্তাফিজুর রহমান | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৫. | জনাব মো: মাসুদুর রহমান | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৬. | জনাব মো: মাঈন উদ্দিন চিশতী | নির্বাহী প্রকৌশলী |

(সম্মানিত কাউন্সিলরবৃন্দ এবং কর্মকর্তাদের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষণ করা হচ্ছে)